বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ব্যবসায় ব্যবস্থাপনা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
Web site : www.bteb.gov.bd

স্মারক নং-বাকাশিবো/প-ভোক/২০১৬/৬০৫/১১৭১ তারিখ ঃ ৩০/১১/২০১৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের অধীন ২০১৭ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (ভোকেশনাল) বোর্ড সমাপনী পরীক্ষার পরীক্ষার্থীদের প্রতিষ্ঠান ভিত্তিক সম্ভাব্য তালিকা (Probable list) আগামী ২৬/১২/২০১৬খ্রিঃ হতে ০৬/০১/২০১৭খ্রিঃ তারিখ পর্যন্ত বোর্ডের ওয়েব সাইটে পাওয়া যাবে। পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুক শিক্ষার্থীদেরকে নির্ধারিত ফি জমা দিয়ে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অন-লাইনে ফরম পূরণ (Form Fillup) করতে হবে। ফরম পূরনের তারিখ ও সময় এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি এতদসঙ্গে দেয়া হলো, যা বোর্ডের Web site-থেকেও জানা যাবে।

পরীক্ষার সময়সূচি এবং পরীক্ষা কেন্দ্রের চূড়ান্ত তালিকা যথারীতি বোর্ডের Web site-এ প্রকাশ করা হবে।

১. পরীক্ষার্থীদের শ্রেণি বিন্যাস ঃ

১.১	নিয়মিত পরীক্ষার্থী ঃ ২০১৬ শিক্ষাবর্ষে এইচএসসি(ভোকেশনাল) শিক্ষাক্রমের দ্বাদশ শ্রেণীতে অধ্যয়নরত সকল শিক্ষার্থী।
১.২	অনিয়মিত পরীক্ষার্থী ঃ ২০১৬ সন অথবা এর পূর্বে রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে এইচএসসি (ভোকেশনাল) ফাইনাল পরীক্ষায় যারা বিভিন্ন বিষয়/বিষয়সমূহে অকৃতকার্য হয়েছে।

২. পরীক্ষা ফি সমূহের হার ঃ

ক্রম	বিবরণ	ফি এর পরিমাণ	মন্তব্য
ক.	পরীক্ষার ফি (২য় বর্ষ বোর্ড সমাপনী) প্রতি পরীক্ষার্থী	৪০০/- (চারশত) টাকা	বোর্ডের প্রাপ্য ১০০%
খ.	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী	৭৫/- (পঁচাত্তর) টাকা	বোর্ডের প্রাপ্য ১০০%
গ.	সনদপত্র ফি (২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী (ইতোপূর্বে ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ না করলে)	১০০/- (একশত) টাকা	বোর্ডের প্রাপ্য ১০০%
ঘ.	ইন্ডাস্ট্রিয়াল এ্যাটাচমেন্ট ফি (২য় বর্ষ বোর্ড সমাপনী) প্রতি পরীক্ষার্থী	১২০/- (একশত কুড়ি) টাকা	বোর্ডের ৭০/- প্রতিষ্ঠান ৫০/- প্রাপ্য
ঙ.	কেন্দ্র ফি (২য় বর্ষবোর্ড সমাপনি) প্রতি পরীক্ষার্থী	৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা	কেন্দ্র প্রাপ্য ১০০%
চ	ব্যবহারিক কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী	১০০/- (একশত) টাকা	কেন্দ্র প্রাপ্য ১০০%
ছ	ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি বিষয়/প্রতি পরীক্ষার্থী	২৫/- (পঁচিশ) টাকা	কেন্দ্র প্রাপ্য ১০০%

ব্যবহারিক পরীক্ষা বাবদ আদায়কৃত অর্থ হতে অনাভ্যন্তরীণ এবং অভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকের পারিশ্রমিক প্রতি পরীক্ষার্থী প্রতি বিষয়ে ৩ ঘন্টার জন্য ১০ টাকা হারে এবং ২ ঘন্টার জন্য ৭.৫০ টাকা হারে পরিশোধ করতে হবে। অবশিষ্ট টাকা দরকারি কাঁচামাল ক্রয়ের জন্য ব্যয় করা যাবে।

নিয়মিত প্রত্যেক পরীক্ষার্থীর থেকে ইন্ডাষ্ট্রিয়াল এ্যাটাচমেন্ট ফি বাবদ আদায়কৃত টাঃ ১২০/- (একশত বিশ) এর অবশিষ্ট টাঃ ৫০/- ইন্ডাষ্ট্রিয়াল এ্যাটাচমেন্টের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তিদের মধ্যে বোর্ডের নীতিমালা অনুযায়ী বন্টণযোগ্য।

৩. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক Print out কপি ও পরীক্ষার ফি জমা প্রদানের নিয়মাবলি ঃ

৩.১	Print out কপি অবশ্যই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে বোর্ডে পৌছাতে হবে।
৩.২	অসম্পূর্ণ অথবা ভুল তথ্য যুক্ত Print out বা ব্যাংক ড্রাফট বিহীন Print out সরাসরি নাকচ করা হবে এবং তজ্জন্য বোর্ড দায়ী থাকবে না।
৩.৩	কেন্দ্র ফি ও ব্যবহারিক ফি ব্যতীত আদায়কৃত পরীক্ষা সংক্রান্ত অন্যান্য ফি সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে **সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-এর** অনুকূলে DD করতে হবে। সংগৃহীত ব্যাংক ড্রাফটি Print out কপির সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। ড্রাফটটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা/ সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয় সরণি, ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে। উল্লেখিত সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের ড্রাফট স্বস্ব প্রতিষ্ঠানকে জমা ফরমের মাধ্যমে ব্যাংকে জমা প্রদান করতে হবে। এ ছাড়া নির্দেশিত DD করার তারিখে উল্লিখিত ব্যাংকদ্বয়ে নগদ অর্থের মাধ্যমেও ফি জমা দেয়া যাবে।
৩.৪	নগদ, মনি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে পাঠানো অর্থ গ্রহণ করা হবে না।
৩.৫	ব্যাংক ড্রাফট বাবদ প্রদানযোগ্য ব্যাংক কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
৩.৬	পরীক্ষার Print out বোর্ডে পাঠানোর পূর্বে প্রতিটি Print out এর প্রতি কলামের সংশ্লিষ্ট তথ্যাদির শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষিত নথিপত্রের সাথে অভিন্নতা যথাযথভাবে যাচাই করে ট্রেডভিত্তিক সাজিয়ে রেজিষ্ট্রেশনের ক্রমানুসারে নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী পৃথক পৃথকভাবে রেখে দাখিল করতে হবে।

চলমান পাতা----------------------

৩.৭	পরীক্ষার Print out ও সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্বঃ স্বঃ শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল শিক্ষক/কর্মচারীর মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যেই পাঠাতে হবে। শিক্ষক/কর্মচারীর ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

৩.৮ হলুদ কাপড়ের মোড়কের ভেতর লিথুটপসহ প্রতিদিন ডাক বিভাগের মাধ্যমে উত্তরপত্র পাঠাতে হবে।
৩.৯ পরীক্ষা সংক্রান্ত সকল প্রকার যোগাযোগ নিম্নে বর্ণিত ঠিকানায় করতে হবে।

বরাবর
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
দৃষ্টি আকর্ষণ ঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম), ১০তলা।

৩.১০ <u>নিম্নবর্ণিত ছকে (প্রযোজ্য ক্ষেত্রে) A-4 সাইজের কাগজে ট্রেডভিত্তিক সকল নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীর বিশদ বিবরণী Print out কপির সাথে অবশ্যই পাঠাতে হবে।</u>

ছক-১

ক্রমিক নং	পরীক্ষার্থীর নাম	রেজিস্ট্রেশন নং ও সেশন	ট্রেডের নাম	পরীক্ষায় দেয় বিষয়/বিষয়সমূহের পূর্ণ নাম	পরীক্ষার ফি	বিলম্ব ফি (যদি থাকে)	বাস্তব প্রশিক্ষণ ফি	নম্বর পত্র ফি	পূর্ববর্তী বোর্ড পরীক্ষার রোল নং ও সন (অনিয়মিতদের জন্য প্রযোজ্য)	মন্তব্য

৩.১১ফি সহ প্রিন্ট আউট কপি বোর্ডে জমা, প্রবেশপত্র, উত্তরপত্র, পরীক্ষার কাগজপত্র গ্রহণ ও বিতরণ কর্মসূচী ঃ

অনলাইনে ফরম ফিলাপের তারিখ	বিলম্ব ফি ছাড়া ফরম ফিলাপকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করার তারিখ	বিলম্ব ফি-সহ ফরম ফিলাপের তারিখ (প্রতি পরীক্ষার্থী ৩০০ টাকা)	বিলম্ব ফি সহ ফরম ফিলাপকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করার তারিখ	স্ব-স্ব প্রতিষ্ঠানের ব্যাংক ড্রাফট করার সর্বশেষ তারিখ	DD সহ সকল প্রিন্ট আউট(FF ও TC/PC) একত্রে বোর্ডে জমার তারিখ	প্রবেশপত্র, উত্তরপত্র ও অন্যান্য ফরম বোর্ড থেকে গ্রহণ
২৬/১২/১৬ হতে ০৬/০১/১৭	০৭-০১-২০১৭	০৮/০১/১৭ হতে ১০/০১/১৭	১১/০১/২০১৭	১২/০১/২০১৭	৩১/০১/২০১৭	২৮/০২/২০১৭

কোন অবস্থাতেই ছকে বর্ণিত তারিখের ব্যত্যয় ঘটানো যাবে না। ব্যতিক্রম পরিলক্ষিত হলে বিলম্ব ফি ছাড়াও প্রতিষ্ঠান প্রধানের উপর ২৫০০/- জরিমানা ধার্য্যসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এ জন্য প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

৩.১২ <u>অন-লাইনে ধারাবাহিক (TC, PC) নম্বর প্রেরণ এবং হার্ড কপি বোর্ডে জমাদান ঃ</u>

২০১৭ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি (ভোকেশনাল) ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC/PC)নম্বর স্ব-স্ব প্রতিষ্ঠানকে ১৫-১২-২০১৬ খ্রিঃ থেকে ২২-১২-২০১৬ খ্রিঃ তরিখের মধ্যে অন-লাইনে প্রেরণ করতে হবে এবং হার্ডকপি নিজ দায়িত্বে ব্যাংক ড্রাফট জমা দেওয়ার তারিখে জমা দিতে হবে। TC, PC ছাড়া ব্যাংক ড্রাফট জমা নেয়া হবে না। TC, PC-এর হার্ডকপি সমূহ বিষয় ভিত্তিক সাজিয়ে বহি আকারে বাধাইকরে জমা দিতে হবে। কোন পরীক্ষার্থীর TC, PC-এর নম্বর On-Line-এ না পাঠালে ঐ পরীক্ষার্থীর প্রবেশপত্র ইস্যু করা হবে না।

চলমান পাতা-----------------------

তবে ধারাবাহিক নম্বর প্রেরণের সময় কোন পরীক্ষার্থীর রোল নম্বর পাওয়া না গেলে তাদের TC, PC নম্বর ম্যানুয়াল ফরমেটে দাখিল করতে হবে। অন-লাইনে পাঠানো TC, PC কপির হুবহু হার্ডকপি দাখিলযোগ্য করতে হবে এবং কোনরুপ ঘষামাজা, হাতে লেখা এবং উপরিলিখন গ্রহণযোগ্য নয়। হার্ড কপিতে অবশ্যই কেন্দ্র সচিব/প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর, তারিখ ও সিল থাকতে হবে।

অনলাইন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় নির্দেশাবলী দেখে ফরম পূরণ করতে হবে। অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে ০১৫৫০৬২০৬০৪, ০১৮৭৬৩৯৭১৩৮ নম্বরে যোগাযোগ করে তাৎক্ষণিক সমাধান করতে হবে।

স্বাক্ষরিত/-
(প্রকৌঃ সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১১৩২৮৩ (অফিস)

স্মারক নং-বাকাশিবো/প-ভোক/২০১৬/৬০৫/১১৭১(২২) তারিখ ঃ ৩০/১১/২০১৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি এবং যথাযথ কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব, কারিগরি , বাংলাদেশ সচিবালয়, ঢাকা)
২। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৩। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাক।
৫। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৬। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭-৮। পরিদর্শক/পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। জেলা প্রশাসক-- সকল।
১০। উপজেলা নির্বাহী অফিসার,-- সকল।
১১। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২। উপ-সচিব (প্রঃ)/উপ-সচিব (রেজিঃ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩। কারিকুলাম বিশেষজ্ঞ (ভোক), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল।
১৫। উপ-পরিচালক (হিঃ ও নিঃ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭। ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮। অধ্যক্ষ--।
---।
১৯। নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২০। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২১। নোটিশ বোর্ড।
২২। সংশ্লিষ্ট নথি।

নিজাম উদ্দিন ৩০/১১/২০১৬
(মোঃ নিজাম উদ্দিন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১৩৩৪৬৫ (অফিস)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ব্যবসায় ব্যবস্থাপনা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
Web site : www.bteb.gov.bd

স্মারক নং-বাকাশিবো/প-ভোক/২০১৬/৬০৫/১১৭২ তারিখ ঃ ৩০/১১/২০১৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের অধীন ২০১৭ সনের এইস এস সি (ভোকেশনাল) একাদশ শ্রেনী ফাইনাল পরীক্ষা (এপ্রিল ২০১৭ খ্রিঃ থেকে অনুষ্ঠিতব্য) দেশের ৬৪ টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ কেন্দ্রে একযোগে আরম্ভ হবে। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের নির্ধারিত ফি জমা দিয়ে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অন-লাইনে ফরম ফিলাপ করতে হবে। ফরম ফিলাপের তারিখ ও সময় এবং পরীক্ষা সংশ্লিষ্ট অপরাপর তথ্যাদি এতদসংগে দেয়া হল যা বোর্ডের ওয়েব সাইটের মাধ্যমে জানা যাবে।
পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে বোর্ডের ওয়েব সাইটের মাধ্যমেও জানা যাবে।

১.পরীক্ষার্থীর শ্রেণীবিন্যাস ঃ

১.১ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের একাদশ শ্রেণীতে অধ্যয়নরত সকল শিক্ষার্থী নিয়মিত।
১.২ ২০১৬ সনের এইচএসসি (ভোকেশনাল) একাদশ শ্রেণী সমাপনী পরীক্ষায় অনুত্তীর্ণ পরীক্ষার্থীগণ অনিয়মিত।

২.পরীক্ষার ফি সমুহের হার ঃ

২.১ নিয়মিত/অনিয়মিত প্রত্যক পরীক্ষার্থীর নিকট থেকে পরীক্ষার ফি বাবদ ৪০০/- টাকা, কেন্দ্র ফি বাবদ ৩৫০/- টাকা, ব্যবহারিক কেন্দ্র ফিবাবদ ১০০/- টাকা , ব্যবহারিক প্রতি বিষয়ে ফি বাবদ ২৫ /- টাকা হারে আদায় করতে হবে।
২.২ উল্লেখিত ফি এর মধ্যে নিয়মিত প্রত্যক পরীক্ষার্থীর নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফিবাবদ ৪০০ /- (চারশত) টাকা **DD**এর মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে। আদায়কৃত অবশিষ্ট কেন্দ্র ফি ৩৫০/- টাকা,ব্যবহারিক কেন্দ্র ফি ১০০/-,ব্যবহারিক ফি প্রতি পরীক্ষার্থী প্রতি বিষয়ে ২৫/- টাকা হারে অর্থ প্রতিষ্ঠান পর্যায়ে পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিত কর্মকর্তা / কর্মচারীদের মধ্যে বোর্ডের নীতিমালা অনুযায়ী বন্টনযোগ্য।

৩. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার ফিসহ অন্যান্য কাগজপত্র জমা দেয়ার নিয়মাবলি ঃ

৩.১ অসম্পূর্ণ অথবা ভুল তথ্য যুক্ত **Input** বা ব্যাংক ড্রাফট বিহীন ফরম ফিলাপ **Print out** সরাসরি নাকচ হবে এবং তজ্জন্য বোর্ড দায়ী থাকবে না।

৩.২ পরীক্ষার ফি বাবদ আদায়কৃত পরীক্ষা সংক্রান্ত অন্যান্য ফি সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-এর অনুকূলে DD করতে হবে। সংগৃহীত ব্যাংক ড্রাফটি Print out কপির সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। ড্রাফটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা/ সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয় সরণি, ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে। উল্লেখিত সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের ড্রাফট স্বস্ব প্রতিষ্ঠানকে জমা ফরমের মাধ্যমে ব্যাংকে জমা প্রদান করতে হবে। এ ছাড়া নির্দেশিত DD করার তারিখে উল্লিখিত ব্যাংকদ্বয়ে নগদ অর্থের মাধ্যমেও ফি জমা দেয়া যাবে।

৩.৩ নগদ, মনি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে পাঠানো অর্থ গ্রহণযোগ্য নয়।

৩.৪ ব্যাংক ড্রাফট বাবদ প্রদানযোগ্য ব্যাংক কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বহনকরতে হবে।

৩.৫ ফরম ফিলাপের হার্ড কপি (**Print out)** বোর্ডে পাঠানোর সময় প্রতি পরীক্ষার্থীর প্রতি কলামের তথ্যাদি রেজিষ্ট্রেশনকালে প্রদত্ত তথ্যাদির সাথে যে, অভিন্নতা তা যথাযথভাবে যাচাই করে ট্রেডভিত্তিক সাজিয়ে রেজিষ্ট্রেশনের ক্রমানুসারে নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী পৃথক পৃথকভাবে রেখে বাঁধাই অবয়বে দাখিল করতে হবে।

৩.৬ ফরম ফিলাপের হার্ড কপি (**Print out)** ও সমুদয় ফিবাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্বঃ স্বঃ শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল শিক্ষকের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যেই পাঠাতে হবে। শিক্ষকের ভ্রমণ সংক্রান্ত ব্যয়ভার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

৩.৭ ফি সহ প্রিন্ট আউটের কপি বোর্ডে জমা, প্রবেশপত্র, উত্তরপত্র, পরীক্ষার কাগজপত্র গ্রহণ ও বিতরণের কর্মসূচী ঃ

অনলাইনে ফরম ফিলাপের তারিখ	বিলম্ব ফি ছাড়া ফরম ফিলাপকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করার তারিখ	বিলম্ব ফি-সহ ফরম ফিলাপের তারিখ (প্রতি পরীক্ষার্থী ৩০০ টাকা)	বিলম্ব ফি সহ ফরম ফিলাপকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করার তারিখ	স্ব-স্ব প্রতিষ্ঠানের ব্যাংক ড্রাফট করার সর্বশেষ তারিখ	DD সহ সকল প্রিন্ট আউট(FF ও TC/PC) একত্রে বোর্ডে জমার তারিখ	প্রবেশপত্র, উত্তরপত্র ও অন্যান্য ফরম বোর্ড থেকে গ্রহণ
২৬/১২/১৬ হতে ০৬/০১/১৭	০৭-০১-২০১৭	০৮/০১/১৭ হতে ১০/০১/১৭	১১/০১/২০১৭	১২/০১/২০১৭	৩১/০১/২০১৭	২৮/০২/২০১৭

কোন অবস্থাতেই ছকে বর্ণিত তারিখের ব্যত্যয় ঘটানো যাবে না। ব্যতিক্রম পরিলক্ষিত হলে বিলম্ব ফি ছাড়াও প্রতিষ্ঠান প্রধানের উপর ২৫০০/- জরিমানা ধার্য্যসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এ জন্য প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

অব্যাহত-------------

৩.৮ নিম্নবর্ণিত ছকে **A-4** সাইজ কাগজে (প্রযোজ্য ক্ষেত্রে) ট্রেডভিত্তিক সকল নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীর তথ্য বিবরণী **Print out** কপির সাথে অবশ্যই পাঠাতে হবে।

ছক-১

ক্রমিক নং	পরীক্ষার্থীর নাম	রেজিস্ট্রেশন নং ও সেশন	ট্রেডের নাম	পরীক্ষায় দেয় বিষয়/ বিষয়সমূহের নাম	পরীক্ষার ফি	বিলম্ব ফি (যদি থাকে)	পূর্ববর্তী বোর্ড পরীক্ষার রোল নং ও সন (অনিয়মিতদের জন্য প্রযোজ্য)	মন্তব্য

৪. সাধারণ অনুসরণীয় :

৪.১ পরীক্ষা সমাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নির্ধারিত কার্যক্রম উত্তরএকাদশ শ্রেণীর ফলাফল প্রকাশ করতে হবে।

৪.২ দ্বাদশ শ্রেণীর বাস্তব প্রশিক্ষণ (**IA**) নম্বর অন-লাইনে পাঠানোর সময় *একাদশ শ্রেণীর ফলাফলের টেবুলেটেড তথ্য অন-লাইনে বোর্ডে পাঠাতে হবে* (সর্বশেষ) ও এর হার্ড কপি দ্বাদশ শ্রেণীর অপরাপর জমাযোগ্য হার্ড কপি কাগজপত্রের সাথে একই সাথে *পৃথক খামে* বোর্ডের (বিএম শাখায়) দাখিল করতে হবে।

অনলাইন কার্যক্রম সংক্রান্ত যাবতীয় নির্দেশাবলী দেখে ফরম পূরণ করতে হবে। অনলাইন সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে ০১৫৫০৬২০৬০৪, ০১৮৭৬৩৯৭১৩৮ নম্বরে যোগাযোগ করে তাৎক্ষণিক সমাধান করতে হবে।

স্বাক্ষরিত/-
(প্রকৌঃ সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭
ফোন ঃ ৯১১৩২৮৩ (অফিস)

স্মারক নং-বাকাশিবো/প-ভোক/২০১৬/৬০৫/১১৭২(১৯) তারিখ ঃ ৩০/১১/২০১৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি এবং যথাযথ কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব, কারিগরি , বাংলাদেশ সচিবালয়, ঢাকা)
২। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৩। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৭। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫-৬। পরিদর্শক/ পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)--।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)--।
৯। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। উপ-সচিব (প্রঃ)/উপ-সচিব (রেজিঃ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল)।
১২। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩। উপ-পরিচালক (হিঃ ও নিঃ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪। ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫। অধ্যক্ষ --।
১৬। নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮। নোটিশ বোর্ড।
১৯। সংশ্লিষ্ট নথি।

নিজামউদ্দিন ৩০/১১/২০১৬
(মোঃ নিজাম উদ্দিন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭
ফোন ঃ ৯১৩৩৪৬৫ (অফিস)